অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, খুচরা বিক্রয়কর্মী এবং ক্ষুদ্র ব্যবসার মালিকেরা সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে নতুন ল্যান্ডমার্ক সুরক্ষা উদযাপন করলেন

একজন খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করার জন্য নতুন ফেলোনি শাস্তি তৈরি

সিকিউরিটি ক্যামেরা এবং অন্যান্য চুরি বিরোধী ব্যয়ের জন্য ব্যবসার মালিকদের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট উপলভ্য থাকবে

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের নিবেদিত খুচরা চুরি দলের জন্য 40.2 মিলিয়ন মার্কিন ডলার

গভর্নর ক্যাথি হোকল আজকে অর্থবছর 2025 এর স্টেট বাজেটের সাথে আইন হিসেবে স্বাক্ষর হওয়া সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে নতুন সুরক্ষা উদযাপন করার জন্য সম্মুখসারির খুচরা বিক্রয়কর্মী এবং ক্ষুদ্র ব্যবসার মালিকদের একটি জোটের সাথে যোগ দেন। এই সার্বিক পন্থাটি আইন শৃঙ্খলা রক্ষাকারী, প্রসিকিউটর এবং ব্যবসার মালিকদের হাতে আরো ক্ষমতা প্রদান করে, দুর্বলতার সকল ক্ষেত্রকে লক্ষ্য করে। নতুন সুরক্ষার মধ্যে রয়েছে কোনো খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করা ব্যক্তির জন্য এটিকে মিসডিমিনার থেকে ফেলোনিতে পরিবর্তন করার মাধ্যমে অপরাধের শাস্তি বৃদ্ধি করা, এবং বাড়তি নিরাপত্তা ব্যবস্থায় বিনিয়োগ করতে ক্ষুদ্র ব্যবসার মালিকদের সাহায্য করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট। গভর্নর হোকলের অর্থবছর 2025 এর স্টেট বাজেট আরেকবার জননিরাপত্তার ঐতিহাসিক বিনিয়োগ করেছে এবং এটি স্টেটব্যাপী অপরাধ রহস করার তিন বছরের অগ্রগতির অনুবর্তী।

"খুচরা বিক্রয় কর্মী এবং ক্ষুদ্র ব্যবসার মালিকদের কাছে আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমি তাদের সুরক্ষা প্রদান করবো, এবং আমরা ঠিক তাই করছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কে আমরা সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছি, আইনের সম্পূর্ণ শক্তি দিয়ে ব্যবসা ও তাদের কর্মীদের সমর্থন করছি, এবং নিরাপত্তার ধারণা ও মানসিক শান্তি পুনঃস্থাপন করছি যাতে তারা নিজেদের সেরা কাজে মনোযোগ দিতে পারে।"

অপরাধ ডেটা অনুযায়ী বিগত ছয় বছরে এইসব অপরাধে উল্লেখযোগ্য বৃদ্ধি দেখা দিয়েছে তাই গভর্নর হোকল সংঘবদ্ধ খুচরা চুরিতে মনোযোগ প্রদান করছেন। 2017 থেকে 2023 এর মধ্যে নিউ ইয়র্ক সিটিতে লার্সেনি অপরাধ 51 শতাংশ বৃদ্ধি পেয়েছে। একই সময়কালে, নিউ ইয়র্ক সিটিতে ডাকাতি, গ্র্যান্ড লার্সেনি এবং পেটি লার্সেনি 86 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

অর্থবছর 2025 এর স্টেট বাজেটে সংঘবদ্ধ চুরির মোকাবেলা করতে গভর্নর হোকলের পাঁচ দফা পরিকল্পনা রয়েছে:

- কোনো খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করা ব্যক্তির জন্য এটিকে মিসডিমিনার থেকে ফেলোনিতে পরিবর্তন করার মাধ্যমে **অপরাধের শাস্তি বৃদ্ধি** করে। কোনো খুচরা কর্মীকে তার চাকরির সময় শারীরিকভাবে আহত করা ব্যক্তি এই নতুন ফেলোনির আওতাধীন হবে।

- লার্সেনি চার্জ করার সময় **প্রসিকিউটরদের চোরাই পণ্যসমূহের মূল্য একত্রিত করার অনুমোদন দেওয়া**। একই অপরাধ চক্রান্তের অধীনে চুরি করা হলে একটি উচ্চতর লার্সেনি সীমাতে পৌঁছানোর উদ্দেশ্যে বিভিন্ন দোকান থেকে চুরি করা খুচরা পণ্যকে একত্রিত করার জন্য বাজেট অনুমতি প্রদান করে।

- থার্ড পার্টি বিক্রেতাদের ধরার জন্য **চোরাই পণ্যের বিক্রির ব্যবস্থা করাকে অবৈধ করা**। কোনো ব্যক্তি যদি চোরাই পণ্য বিক্রি করতে কোনো ওয়েবসাইট বা ভৌত অবস্থান ব্যবহার করে তাহলে তাকে দোষী সাব্যস্ত করা হবে।

- স্টেট পুলিশ (State Police), ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে নিবেদিত খুচরা চুরি দলের (Retail Theft Teams) জন্য **40.2 মিলিয়ন মার্কিন ডলার** প্রদান, যার মধ্যে সংঘবদ্ধ খুচরা চুরির মোকাবেলায় নিবেদিত 100 জন নিউ ইয়র্ক স্টেট পুলিশ কর্মী থাকবে।

- ক্যামেরার মতো বাড়তি নিরাপত্তা ব্যবস্থায় বিনিয়োগ করতে খুচরা ব্যবসাসমূহকে সাহায্য করার জন্য **5 মিলিয়ন মার্কিন ডলার** কর ক্রেডিট। অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থার জন্য ক্ষুদ্র ব্যবসার উপর থেকে চাপ হ্রাস করার জন্য, খুচরা চুরি প্রতিরোধ ব্যবস্থায় একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যয় করা সকল ক্ষুদ্র ব্যবসার জন্য বাজেটে একটি 3,000 মার্কিন ডলারের কর ক্রেডিট তৈরি করা হয়েছে।

অর্থবছর 2025 এর বাজেটে সংঘবদ্ধ চুরির বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর হোকলের প্রতিশ্রুতি হলো সহিংস অপরাধকে ঐতিহাসিক কম মাত্রায় নামিয়ে এনেছে এমন কেন্দ্রীয় কৌশলের অনুবর্তী। নিউ ইয়র্ক সিটির বাইরের 21টি কাউন্টিতে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের অর্থায়ন প্রদান করা বন্দুক সম্পর্কিত সহিংসতা উদ্যোগের (Gun Involved Violence Initiative, GIVE) মতো কর্মসূচির ফলে বন্দুক অপরাধে নাটকীয় হ্রাস দেখা গেছে। গত কোয়ার্টারে, GIVE অঞ্চলসমূহে সর্বনিম্ন সংখ্যক গুলির ঘটনা রেকর্ড করা হয়েছে, এবং নিউ ইয়র্ক সিটিতে মহামারীর পর থেকে

যেকোনো কোয়ার্টারের তুলনায় সর্বনিম্ন সংখ্যক গুলির ঘটনা হয়েছে। 2021 সাল থেকে, স্টেটব্যাপী খুন 30 শতাংশ হ্রাস পেয়েছে।

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "দোকানে চুরি এবং সংঘবদ্ধ খুচরা চুরি আমার জেলায় এবং পুরো নিউ ইয়র্ক সিটিতে অগণিত ক্ষুদ্র ব্যবসাকে আক্রান্ত করেছে। যদিও পূর্বে চোরাই মাল সাথে রাখার জন্য শাস্তি বিদ্যমান ছিলো, কিন্তু এর আগে পর্যন্ত ই-ফেন্সিং, বা অনলাইনে চোরাই পণ্য পুনরায় বিক্রি পুনরায় বিক্রিকে লক্ষ্য করে কোনো নির্দিষ্ট আইন ছিল না, যা 2015 থেকে প্রায় 60 শতাংশ বৃদ্ধি পেয়েছে। আনুমানিক হিসাব অনুযায়ী অপরাধী চক্র আমাজন (Amazon), ক্রেগলিস্ট (Craigslist), ইবে (eBay) এবং ফেসবুক মার্কেটপ্লেসের (Facebook Marketplace) মতো অনলাইন বাজারের মাধ্যমে 500 বিলিয়ন মার্কিন ডলারের বেশি চারি বা নকল পণ্য বিক্রি করছে, যার সামান্যই পরিণাম হচ্ছে বা কোনো পরিণামই হচ্ছে না। ইফেন্সিংয়ের জন্য একটি ফৌজদারি অপরাধ প্রতিষ্ঠা করার জন্য স্টেট বাজেটে আমাদের বিল অন্তর্ভুক্ত হওয়ায় এর পরিবর্তন হবে। নতুন অপরাধের মাধ্যমে আমরা আমাদের ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের সংঘবদ্ধ খুচরা চুরি এবং যেখানেই চোরাই পণ্য পুনরায় বিক্রি হোক তা ঠেকাতে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার প্রদান করছি। গুরুত্বপূর্ণ এই বিধিমালায় গভর্নর হোকল, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি ব্র্যাগ এবং অ্যাসেম্বলি স্পন্সর রোজেনথালের সমর্থনের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যান্টন বলেন, "আজকের স্বাক্ষর হলো আমাদের খুচরা বিক্রয়কর্মীদের সুস্থতা নিশ্চিত করতে এবং আমাদের ক্ষুদ্র ব্যবসাকে সহিংস চুরি থেকে সুরক্ষিত রাখতে আমাদের চলমান প্রতিশ্রুতির একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। আমাদের গভর্নর ক্যাথি হোকল, অ্যাসেম্বলিতে আমার পার্টনার ম্যানি ডে লস স্যান্টোস, কালেকটিভ অ্যাকশন টু প্রোটেক্ট আওয়ার স্টোর্স (Collective Action to Protect our Stores, CAPS), এবং আমাদের সকল ক্ষুদ্র ব্যবসার মালিক ও প্রতিনিধিদের আমি ধন্যবাদ জানাতে চাই। এখন থেকে একজন খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করলে তা ফেলোনি হবে। আমার বিধিমালা থেকে গৃহীত পদক্ষেপটি একজন খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করার শাস্তি বৃদ্ধি করবে কারণ কাজের সময় কারো আক্রমণের ভয়ে থাকতে হওয়া উচিত না। তাদের নিরাপত্তা এবং পুরো স্টেটের সকল খুচরা বিক্রয়কর্মীদের নিরাপত্তার প্রতি আমাদের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করার জন্য আমরা এখানে রয়েছি। মহামারীর পুরো সময়, আমরা অত্যাবশ্যকীয় কর্মী হিসেবে আমাদের খুচরা বিক্রয়কর্মীদের উপর নির্ভর করেছি, যারা প্রায়শই আশেপাশের সম্প্রদায়ে প্রতিবেশীদের মালিকানাধীন এবং পরিচালিত ক্ষুদ্র ব্যবসায় গতানুগতিক নয় এমন সময়ে কাজ করে থাকে। এই বাজেটে আমরা খুচরা বিক্রয়কর্মীদের কাছে এই বার্তা প্রেরণ করছি যে আমরা তাদের সমর্থন করি এবং তাদের জীবন মূল্যবান। এই প্যাকেজটি জননিরাপত্তা এবং আমাদের স্থানীয় ব্যবসাসমূহের জন্য বিশাল একটি বিজয়, এবং স্ট্যাটেন আইল্যান্ড ও সাউদার্ন ব্রুকলিনের আমার নাগরিকদের জন্য এই ব্যবস্থাগুলি গ্রহণে একটি ভূমিকা রাখতে পেরে আমি সত্যিই কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডে লস স্যান্টোস বলেন, "আমাদের সম্প্রদায়ের অত্যাবশ্যকীয় অংশ হিসেবে খুচরা বিক্রয়কর্মীদের অতি গুরুত্বপূর্ণ ভূমিকার স্বীকৃতি প্রদান, খুচরা বিক্রির পরিবেশে চুরি এবং সহিংসতার জন্য শাস্তি বলীয়ান করে জননিরাপত্তা বৃদ্ধি করা অপরিহার্য। কর্মচারী ও গ্রাহক উভয়েই মূল্যবান ও সুরক্ষিত অনুভব করবে এমন নিরাপদ ও সুরক্ষিত

পরিবেশ তৈরির মাধ্যমে সঠিক কাজ করার প্রতি আমাদের অবিচল প্রতিশ্রুতির প্রতিফলন এই ব্যবস্থাগুলি। আমাদের অত্যাবশ্যকীয় কর্মী এবং সম্প্রদায়সমূহের সুস্থতাকে অগ্রাধিকার প্রদান করে এমন আইন প্রণয়নে তাদের অবিচল নিবেদনের জন্য গভর্নর হোকল, স্পিকার হিস্টি, এবং সিনেটর স্কারসেলা-স্প্যান্টনের প্রতি আমি আমার গভীর কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই।"

ব্রুকলিন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এরিক গঞ্জালেস বলেন, "খুচরা চুরি ঠেকাতে এবং খুচরা বিক্রির কর্মচারীদের আরো সুরক্ষিত রাখতে কাজ করা আমার অফিস এবং পুরো সিটির আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার। এই মিশনে সাহায্য করার জন্য আইনসভা যে এই বছরের বাজেটে গুরুত্বপূর্ণ ব্যবস্থা যোগ করেছে তার জন্য আমি কৃতজ্ঞ এবং গভর্নর যে এটিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন তা দেখেও কৃতজ্ঞ। এই নতুন তহবিলটি আমাদেরকে সফল চুরি বিরোধী কর্মসূচি গঠন করতে দিবে, যার মধ্যে রয়েছে বার বার অপরাধ করা ব্যক্তিদের ঠেকাতে আমাদের ট্রেসপাস এফিডেফিট কর্মসূচি, এবং অন্যান্য সমাধানে বিনিয়োগ। আজকে প্রণীত সুরক্ষা একটি স্পষ্ট বার্তা প্রেরণ করে যে আমাদের ব্যবসা প্রতিষ্ঠান এবং আমাদের সম্প্রদায়সমূহে সেবাদানকারী পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর কাজ করার জন্য একটি নিরাপদ এবং ভীতিমুক্ত পরিবেশ প্রদান করা আবশ্যক।"

গভর্নমেন্ট রিলেশন্স ফর দ্য ন্যাশনাল সুপারমার্কেট অ্যাসোসিয়েশনের (Government Relations for the National Supermarket Association) পরিচালক এবং CAPS এর মুখপাত্র নেলসন ইউসেবিও বলেন, "খুচরা চুরির এই বিষয়টিতে নজর দেওয়ার জন্য এবং এই সমস্যার সমাধানে পরিকল্পনা অগ্রসর করতে নিরলসভাবে কাজ করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। এইসব নীতিমালায় গভর্নরের সমর্থন পেয়ে আমরা কৃতজ্ঞ, আমাদের দোকান, কর্মচারী, এবং সম্প্রদায়ের জন্য মাঠপর্যায়ে এটি অর্থপূর্ণ পরিবর্তন নিয়ে আসবে যা এর মূল উদ্দেশ্য। স্টেটের আইনসভায় বলীয়ান অ্যাডভোকেট হওয়ার জন্য এবং পুরো নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের ক্ষুদ্র ব্যবসায়ীদের উদ্বিগ্ন স্বর তুলে ধরার জন্য অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডে লস স্যান্টোস এবং সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যান্টনকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট রিটেইল কাউন্সিলের (Retail Council of New York State) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মেলিসা ও' কনর বলেন, "নিউ ইয়র্ক হলো গোটা বিশ্বের খুচরা বিক্রির রাজধানী, এবং বহু মাস আগে গভর্নর হোকল উপলব্ধি করেছেন যে এই আখ্যা ধরে রাখতে হলে সংঘবদ্ধ খুচরা চুরি এবং অভ্যাসগত খুচরা চুরি ঠেকাতে দোকানগুলির তার সাহায্যের প্রয়োজন। তিনি দোকান ও সম্প্রদায়ের নিরাপত্তা সম্পর্কে আমাদের উদ্বেগ শুনেছেন, এবং আরো গুরুত্বপূর্ণ এই যে তিনি ব্যবস্থা গ্রহণ করেছেন। বহু মাসের কঠোর পরিশ্রম, বিনীত তর্ক এবং অন্তর্দৃষ্টিসম্পন্ন কথোপকথনের পর আজকের বিল স্বাক্ষর দেখার জন্য গভর্নর এবং আমরা যেই ব্র্যান্ডগুলির প্রতিনিধিত্ব করি তাদের সাথে যোগ দিতে পেরে আমি গর্বিত। পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে দোকানগুলিতে একটি নিরাপদ কেনাকাটার পরিবেশ নিশ্চিত করতে আমরা সকল স্টেকহোল্ডাদের সাথে কাজ চালিয়ে যাবো।"

বিজনেস কাউন্সিল অফ নিউ ইয়র্ক স্টেট ইনকর্পোরেশনের (Business Council of New York State Inc.) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিদার মালিগ্যান বলেন, "পুরো স্টেটের ব্যবসাসমূহ, বিশেষ করে উন্মুক্ত পণ্যসম্ভারসহ ক্ষুদ্র ব্যবসার জন্য যা তাদেরকে এইসব অপরাধের প্রতি সংবেদনশীল করে, তাদের জন্য খুচরা চুরি একটি প্রধান উদ্বেগ হয়ে

উঠেছে। এইসব বর্ধিত নিরাপত্তা ব্যবস্থাকে অগ্রাধিকার প্রদান করা এবং চাকরি প্রদান করে এবং স্টেট ও স্থানীয় অর্থনীতিতে অবদান রাখা ব্যক্তিদের সুরক্ষিত রাখার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

দ্য পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির (The Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথি ওয়াইল্ড বলেন, "খুচরা চুরির শোষণ মোকাবেলা করতে, বিশেষ করে ভীতিপ্রদর্শন এবং আঘাতের বেশি ঝুঁকিতে থাকা খুচরা বিক্রয়কর্মীদের জন্য বর্ধিত সুরক্ষা আনতে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য ব্যবসায়ী সম্প্রদায় গভীরভাবে তার প্রতি কৃতজ্ঞ।"

গ্রেটার নিউ ইয়র্ক চেম্বার অফ কমার্সের (Greater New York Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জ্যাফে বলেন, "বার বার অপরাধ করা ব্যক্তিদের এবং নিউ ইয়র্কের জীবনযাত্রার মান নষ্ট করা ব্যাক,ব্যক্তিদের শাস্তি দিতে সাহায্য করার ব্যাপারে আমাদের সদস্যরা ক্যাথি হোকলের নেতৃত্বের প্রশংসা করছে। অত্যাবশ্যকীয় সেবা প্রদান করার জন্য আমরা খুচরা বিক্রেতা এবং ক্ষুদ্র ব্যবসার উপর নির্ভরশীল। নিঃসন্দেহে এই বিধিমালা গুরুত্বপূর্ণ ব্যবস্থা প্রদান করে যা তাদের সুরক্ষিত রাখবে এবং ফলশ্রুতিতে নিউ ইয়র্কের প্রাণোচ্ছলতার জন্য অতি গুরুত্বপূর্ণ নিরাপদতর সম্প্রদায় পুনঃস্থাপন করবে। আমরা যেভাবে বসবাস এবং ব্যবসা করি তার জন্য ক্ষুদ্র ব্যবসা ও খুচরা বিক্রেতারা অবিচ্ছেদ্য অংশ হিসেবে প্রমাণিত হয়েছে এবং আমরা তাদের যে সমর্থন দিতে পারবো তা তাদের প্রাপ্য। চেম্বারে আর্ম আমাদের খুচরা বিক্রেতা এবং ক্ষুদ্র ব্যবসার সদস্যদের সমর্থন করতে পেরে গর্বিত এবং এই বিধিমালা উদযাপন করা অব্যাহত রাখবো।"

ম্যানহাটন চেম্বার অফ কমার্সের (Manhattan Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জেসিকা ওয়াকার বলেন, "পুরো নিউ ইয়র্ক সিটিতে ক্ষুদ্র ব্যবসার টিকে থাকার বিরুদ্ধে খুচরা চুরি একটি প্রধান হুমকি হয়ে দাঁড়িয়েছে। দুঃখজনকভাবে, বহু ব্যবসার মালিক এমন চুরির ঘটনা রিপোর্ট করাও বন্ধ করে দিয়েছে কারণ তারা মনে করে এতে কোনো লাভ হবে না। অবশেষে তাদের আবেদন শোনার জন্য এবং এই সঙ্কট সমাধানে সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণের জন্য আমরা গভর্নর হোকল এবং স্টেটের আইনসভার প্রশংসা করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন